




বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
বরিশাল।



টেলিফোনঃ ০৪৩১-৬৪৫০১, ০৪৩১-৬২১৯৩ crmbarisal@krishibank.org.bd

সিআরএম/বার/হিঃ-৪১/অংশ(১)/২০২০-২১/৮৩৬

তারিখ : ২৮/০৯/২০২০খ্রিঃ

অদ্য ২৮-০৯-২০২০ ইং তারিখে সকাল ১১.০০ ঘটিকায় এই ব্যাংকের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১” এর প্রথম প্রান্তিকের (জুলাই’২০২০ হতে সেপ্টেম্বর’২০২০) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক এর সভাপতিত্বে তার অফিস কক্ষে মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশালের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন :

ক্রঃনং	নাম	পদবী	কর্মস্থল
০১।	জনাব মোঃ আবু মাহমুদ	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল
০২।	” মোহাম্মদ ইউসুফ	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল
০৩।	” মোঃ ফরিদ উদ্দিন হাওলাদার	উর্ধ্বতন কর্মকর্তা	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল
০৫।	” মোঃ সাখাওয়াত হোসেন	উর্ধ্বতন কর্মকর্তা	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল
০৬।			
০৭।			

সভার আলোচ্যসূচী :

- মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশালের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি গঠন।
- ‘COVID-19’ এর প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত এসিডি-১ প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের অগ্রগতি সংক্রান্ত।
- ‘BRPD-5’ মোতাবেক “ঋণ পুনঃতফসীল ও এককালীন এক্সিট” এর আওতায় সুদ মওকুফকৃত ঋণের অবশিষ্ট টাকা আদায় অগ্রগতি সংক্রান্ত।
- সকল শাখায় Online কার্যক্রম শুরুর লক্ষ্যে করণীয় বিষয় নির্ধারণ সংক্রান্ত।
- “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও প্রথম প্রান্তিকের (জুলাই’২০২০ হতে সেপ্টেম্বর’২০২০) প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত।

আলোচনা ও সুপারিশ : সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করতে বলেন। সভায় তিনি জানান যে, পূর্বের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য অবসর ও বদলী জনিত কারণে অত্র কার্যালয়ে কর্মরত না থাকায় পুনরায় কমিটি গঠনের আবশ্যকতা দেখা দিয়েছে। এমতাবস্থায়, সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তাদের নিয়ে নতুন শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি গঠিত হয়।

ক্রঃনং	নাম	পদবী	কর্মস্থল	কমিটির পদবী
০১।	জনাব মোঃ আবু মাহমুদ	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল।	সভাপতি
০২।	” মোঃ সাখাওয়াত হোসেন	উর্ধ্বতন কর্মকর্তা	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল।	সদস্য
০৩।	” মোহাম্মদ ইউসুফ	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল।	সদস্য সচিব


সভার এ পর্যায়ে উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মোহাম্মদ ইউসুফ বিআরপিডি-০৫ এর আওতায় সুবিধাপ্রাপ্ত অঞ্চলের ৬১ টি ঋণের বিপরীতে আদায় এর চিত্র তুলে ধরেন। যাতে দেখা যায়, ৬১ টি ঋণের মধ্যে ২৪/০৯/২০ খ্রিঃ পর্যন্ত ১২ টি ঋণ হতে মোট ১২.০১ লক্ষ টাকা আদায় হয়েছে এবং ৪৯টি ঋণ হতে কোন টাকা আদায় হয়নি। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এক্ষেত্রে অফিস আদেশের মাধ্যমে ঋণ গ্রহীতাদের সাথে অত্র কার্যালয় কর্তৃক টেলিফোনিক যোগাযোগের নির্দেশনা দেন এবং শাখার সাথে এ ব্যাপারে নিয়মিত যোগাযোগ করতে বলেন।


অতঃপর উর্ধ্বতন কর্মকর্তা জনাব মোঃ সাখাওয়াত হোসেন এসিডি-১ প্রণোদনা প্যাকেজের আওতাধীন ঋণ বিতরণের অগ্রগতির বিবরণ দেন। এক্ষেত্রে অঞ্চলের পারফরমেন্স মোটামুটি সন্তোষজনক বলে প্রতীয়মান হওয়ায় সভাপতি মহোদয় সভার মাধ্যমে সকল শাখাকে ধন্যবাদ জানান। এ পর্যায়ে অঞ্চলাধীন অবশিষ্ট সকল শাখাকে আগামী জুন/২১ এর মধ্যে প্রধান কার্যালয়ের সহযোগিতায় অনলাইনের আওতায় আনার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় অঙ্গীকার করেন।


চলমান পাতা-০২

পাতা-০২

পরিশেষে জনাব মোহাম্মদ ইউসুফকে “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও প্রথম প্রান্তিকের (জুলাই’২০২০ হতে সেপ্টেম্বর’২০২০) প্রতিবেদন প্রস্তুত এর দায়িত্ব অর্পণ করেন ও প্রতিবেদনটি যেন বিধি মোতাবেক যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা হয় সেক্ষেত্রে সতর্কতা অবলম্বনের পরামর্শ দেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ ইউসুফ)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও
সদস্য সচিব
শুদ্ধাচার ও নৈতিকতা
কমিটি
মু.আ.কা.বরিশাল।


(মোঃসাখাওয়াত হোসেন)
উর্ধ্বতন কর্মকর্তা
ও
সদস্য
শুদ্ধাচার ও নৈতিকতা
কমিটি
মু.আ.কা.বরিশাল।


(মোঃ আবু মাহমুদ)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি
মু.আ.কা.বরিশাল।